

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়  
প্রবাসী কল্যাণ ভবন  
কর্মসংস্থান অধিশাখা-০৩  
[www.probashi.gov.bd](http://www.probashi.gov.bd)

নং-৪৯.০০.০০০০.০৪৭.১১.০৩৩.১৭.২০৫

তারিখ: ২৩/০৪/২০১৮

বিষয়: নিয়োগ অনুমতি প্রদান।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, রিক্রুটিং এজেন্সি মেসার্স পাথ ফাইন্ডার ইন্টারন্যাশনাল (আরএল-১২৯৮) এর অনুকূলে নিম্নবর্ণিত শর্তে মালদ্বীপের Aima Construction Company Pvt. Ltd-কোম্পানির অধীনে বিভিন্ন পদে ১০ (দশ) জন পুরুষ কর্মীর নিয়োগানুমতি প্রদান করা হলো:

কোম্পানীর নাম	পদের নাম	কর্মী সংখ্যা	বেতন (মাসিক) ইউএস ডলার	অন্যান্য সুবিধাদি
Aima Construction Company Pvt. Ltd	LABOURER, ODD JOBING	০৭ (সাত) জন	২০০	বাসস্থান, খাবার, যাতায়াত, চিকিৎসা ফ্রি; বিমান ভাড়া-একপথ ফ্রি (চুক্তি শেষে); কর্মঘণ্টা-প্রতিদিন ০৮ ঘণ্টা (সপ্তাহে ৪৮ ঘণ্টা); চুক্তির মেয়াদ-০২ বছর; চাকুরির অন্যান্য শর্তাবলী মালদ্বীপস্থ শ্রম আইন অনুযায়ী প্রযোজ্য হবে।
	MASON STUCCO	০২ (দুই) জন	২৫০	
	CARPENTER	০১ (এক) জন	২৫০	

**শর্তাবলী:**

- (ক) প্রতি ফ্লাইটে রিক্রুটিং এজেন্সীর একজন প্রতিনিধি কর্মীদের সাথে মালদ্বীপ যাবেন অথবা মালদ্বীপের বিমান বন্দরে কর্মীদের গ্রহণ করার জন্য রিক্রুটিং এজেন্সির একজন প্রতিনিধি আবশ্যিকভাবে উপস্থিত থাকবেন।
- (খ) প্রত্যেক গ্রুপে বাংলাদেশী কর্মী মালদ্বীপ পৌঁছার পর রিক্রুটিং এজেন্সি অত্র মন্ত্রণালয়, বিএমইটি এবং বাংলাদেশ দূতাবাস, মালে, মালদ্বীপ-এ প্রতিবেদন দাখিল করবে।
- (গ) বহির্গমন ছাড়পত্রের পূর্বে নির্বাচিত প্রত্যেক কর্মীর সাথে নিয়োগ চুক্তি স্বাক্ষর করতে হবে।
- (ঘ) বহির্গমন ছাড়পত্র প্রদানের পূর্বে বিএমইটিতে চাহিদাপত্র/ক্ষমতাপত্র ও অন্যান্য মূল কাগজপত্র দাখিল করতে হবে। বিএমইটি প্রাসঙ্গিক তথ্যাদি ও কাগজপত্র যাচাইপূর্বক ছাড়পত্র প্রদান করবে।
- (ঙ) কর্মীর ভিসা এবং ফ্লাইট নিশ্চিত হওয়া সাপেক্ষে রিক্রুটিং এজেন্সী কর্তৃক অভিবাসন ব্যয় ১,০৫,৭৮০/- (এক লক্ষ পাঁচ হাজার সাতশত আশি) টাকা কর্মীর নিকট হতে চেক/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে গ্রহণ করা যাবে এবং কোনক্রমেই অতিরিক্ত অর্থ গ্রহণ করা যাবে না।
- (চ) চুক্তিপত্রের কোন শর্ত লঙ্ঘন হলে অথবা কর্মীরা সংশ্লিষ্ট কোম্পানীতে চাকুরী না পেলে অথবা কর্মীকে প্রস্তাবিত বেতন-ভাতা ও অন্যান্য সুযোগ-সুবিধা না দেয়া হলে সংশ্লিষ্ট রিক্রুটিং এজেন্সিকে কর্মীর থাকা খাওয়ার খরচ ও প্রত্যাবর্তন ব্যয়সহ কর্তৃপক্ষ কর্তৃক আরোপিত ক্ষতিপূরণ প্রদানে বাধ্য থাকবে মর্মে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প অঙ্গীকারনামা দাখিল করতে হবে।
- (ছ) চাকুরির শর্তাবলী মালদ্বীপের শ্রম আইনের বিধানের সাথে সঙ্গতিপূর্ণ হতে হবে।
- (জ) ভিসা ডেলিগেশন সংক্রান্ত হালনাগাদ তথ্য যাচাই করতে হবে।
- (ঝ) বিমান ভাড়াসহ অন্য কোন ফি প্রযুক্ত না হলে তা কর্মীর উপর প্রযোজ্য হবে না।

- (এ) এ নিয়োগ সম্পন্ন করে অত্র মন্ত্রণালয়কে অবহিত করতে হবে।  
(ট) দক্ষতা ভিত্তিক কর্মী প্রেরণের ক্ষেত্রে সংশ্লিষ্ট দক্ষতার বিষয়টি নিশ্চিত হয়ে Smart Card ইস্যু করতে হবে।  
(ঠ) ডাটাবেইজ থেকে কর্মী নেয়ার বিষয়টি মহাপরিচালক (বিএমইটি) নিশ্চিত করবেন।

স্বাঃ

(মোঃ আখতারুজ্জামান)

উপসচিব

ফোনঃ ৪৮৩১৩৫০৮

ই-মেইল:sasemployment3@probashi.gov.bd

মহাপরিচালক

জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো

৮৯/২, কাকরাইল, ঢাকা।

নং-৪৯.০০.০০০০.০৪৭.১১.০৩৩.১৭. ২০৫

তারিখ: ২৩/০৪/২০১৮

অনুলিপি: (সদয় অবগতি/কার্যার্থে)

- ১। যুগ্মসচিব (মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ৩। কাউন্সেলর (শ্রম), বাংলাদেশ দূতাবাস, রিয়াদ, সৌদি আরব।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ৫। সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, , প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৬। অতিরিক্ত সচিব (কর্মসংস্থান) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ৭। স্বত্বাধিকারী, মেসার্স পাথ ফাইন্ডার ইন্টারন্যাশনাল, মোল্লা টাওয়ার (৯ম তলা), ৪৬৪, পশ্চিম রামপুরা, ঢাকা-১২১৯।
- ৮। অফিস কপি।

(মোঃ আখতারুজ্জামান)  
উপসচিব